



২৭ অক্টোবর, ২০১৫

## প্রেস বিজ্ঞপ্তি

‘তথ্যপ্রযুক্তির মহাসড়ক ধরে জাতীয় বিশ্ববিদ্যালয় এগিয়ে চলেছে’  
– ‘ওয়ান স্টপ সার্ভিস সেন্টার’ উদ্বোধনকালে উপাচার্য

আজ ২৭-১০-২০১৫ তারিখ সকাল ১১:০০ টায় অফিস প্রধানদের উপস্থিতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে নবনির্মিত ‘ওয়ান স্টপ সার্ভিস সেন্টার’ উদ্বোধন করা হয়। এর ফলে ছাত্র, শিক্ষক, অভিভাবকসহ বিশ্ববিদ্যালয়ের সেবাগৃহিতাগণ বিভিন্ন অফিসে ছুটাছুটি না করে একই স্থান থেকে বিভিন্ন বিষয়ে সেবালাভ করতে সক্ষম হবেন। নতুন এ সেন্টারের উদ্বোধনকালে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, “সারা দেশের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ও তথ্যপ্রযুক্তির মহাসড়ক ধরে দ্রুত এগিয়ে চলছে। এ সেন্টার প্রতিষ্ঠার ফলে বিশ্ববিদ্যালয়ের সেবাদান ব্যবস্থা আরো স্বচ্ছ ও গতিশীল হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ আইটি নির্ভর বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে আরো একধাপ অগ্রগতি হলো। আমরা আমাদের পরিকল্পনা মাফিক অগ্রসর হচ্ছি এবং শীঘ্রই লক্ষ্যে পৌঁছা সম্ভব হবে।” অনুষ্ঠানে প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোঃ আসলাম ভূঁইয়া, অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর ও কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ নোমান উর রশীদ বক্তব্য রাখেন।

(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়